

🗏 আল-ওয়াকিয়া | Al-Waqi'a | ٱلْوَاقِعَة

আয়াতঃ ৫৬:২

💵 আরবি মূল আয়াত:



তার সংঘটনের কোনই অস্বীকারকারী থাকবে না। — আল-বায়ান
তখন তার সংঘটন অস্বীকার করার কেউ থাকবে না, — তাইসিরুল
তখন সংঘটন অস্বীকার করার কেহ থাকবেনা। — মুজিবুর রহমান

There is, at its occurrence, no denial. — Sahih International


২. (তখন) এটার সংঘটন মিথ্যা বলার কেউ থাকবে না।(১)

(১) অর্থাৎ আল্লাহ যখন সেটা ঘটাতে চাইবেন তখন সেটাকে রোধ করে বা সেটার আগমন ঠেকানোর কেউ থাকবে না। [ফাতহুল কাদীর] অন্য আয়াতেও আল্লাহ্ তাআলা তা বলেছেন, "তোমাদের রবের ডাকে সাড়া দাও আল্লাহর পক্ষ থেকে সে দিন আসার আগে, যা অপ্রতিরোধ্য; যেদিন তোমাদের কোন আশ্রয়স্থল থাকবে না এবং তোমাদের জন্য তা নিরোধ করার কেউ থাকবে না।" [সূরা আশ-শূরা: ৪৭] অন্যত্র বলা হয়েছে, "এক ব্যক্তি চাইল, সংঘটিত হোক শান্তি যা অবধারিত—কাফিরদের জন্য, এটাকে প্রতিরোধ করার কেউ নেই।" [সূরা আল-মা'আরিজ: ১-২] তাছাড়া আরও এসেছে, "তাঁর কথাই সত্য। যেদিন শিংগায় ফুৎকার দেয়া হবে সেদিনের কর্তৃত্ব তো তাঁরই। উপস্থিত ও অনুপস্থিত সবকিছু সম্বন্ধে তিনি পরিজ্ঞাত; আর তিনিই প্রজ্ঞাময়, সবিশেষ অবহিত।" [সূরা আল-আনআম: ৭৩] আয়াতে হাটএএর অর্থ কোন কোন মুফাসসিরের মতে, "অবশ্যস্ভাবী"। কোন কোন মুফাসসিরের মতে, "যা থেকে কোন প্রত্যাবর্তন নেই"। আবার কারো কারো মতে, হাটেশেদটি হাট্র ও বান্ত্রর ন্যায় একটি ধাতু। অর্থ এই যে, কেয়ামতের বাস্তবতা মিথ্যা হতে পারে না। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(২) এর সংঘটন মিথ্যা কিছু নয়।

তাফসীরে আহসানল বায়ান





👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন